বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট # ই/৫-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.০৭.০১০.২৪. ১৪৬

তারিখ : ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কম্পিউটার, প্রিন্টার, সিসি টিভি/এক্সেস কন্ট্রোল সিস্টেম এবং আইটি সংশ্লিষ্ট খুচরা যন্ত্রাংশ ক্রয়, সরবরাহ ও মেরামতকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২২ অক্টোবর ২০২৪ তারিখে দৈনিক New Age এবং ২৩ অক্টোবর ২০২৪ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিগত ০৪ নভেম্বর ২০২৪ তারিখে "গ-ক্যাটাগরী" (কম্পিউটার, প্রিন্টার, সিসি টিভি/এক্সেস কন্ট্রোল সিস্টেম এবং আইটি সংশ্লিষ্ট খুচরা যন্ত্রাংশ ক্রয়, সরবরাহ ও মেরামত) কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদনসমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে বিটিআরসি'র কম্পিউটার, প্রিন্টার, সিসি টিভি/এক্সেস কন্ট্রোল সিস্টেম এবং আইটি সংশ্লিষ্ট খুচরা যন্ত্রাংশ ক্রয়, সরবরাহ ও মেরামতের নিমিত্তে শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো ঃ

| নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | এফ এন এ কম্পিউটার<br>২৩৭/২, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫। |
| ২. | টিমওয়ার্ক ইঞ্জিনিয়ারিং এন্ড সল্যুশন<br>লেভেল: ৩, দোকান: ১৯৩, গাউছেপাক বিপনী বিতান, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা-১০০০। |
| ৩. | পিকো ইঞ্জিনিয়ারিং এন্ড অটোমেশন<br>ক-৩/বি, জগন্নাথপুর, বসুন্ধরা রোড, ভাটারা, ঢাকা-১২২৯। |
| ৪. | ভি আই টি<br>দোকান# ২৪২, মাল্টিপ্লান সেন্টার, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫। |
| ৫. | সাহারা এসোসিয়েট<br>৩১, লাবনী প্লট (২য় তলা), টোলারবাগ, মিরপুর-১, ঢাকা-১২১৬। |
| ৬. | কমিউনিকেশনস টেকনোলজী লিঃ<br>১/১০, ব্লক-এ, রোড-৫, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। |
| ৭. | স্মল ব্রিজ<br>দোকান নং-৩১, লেভেল-৫, শাহ আলি প্লাজা, মিরপুর-১০, ঢাকা-১২১৬। |
| ৮. | আই নেটওয়ার্ক বিডি<br>কে-৩৫, কাজী নজরুল ইসলাম রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। |
| ৯. | আমিন কম্পিউটারস<br>জিপি, গ-৬৩, হাজী তমিজউদ্দিন মার্কেট, মহাখালী, ঢাকা-১২১২। |
| ১০. | সেফ আইসিটি<br>২৬৪/৫, দক্ষিন পীরেরবাগ, মিরপুর, ঢাকা-১২১৬। |
| ১১. | আই কর্পোরেশন<br>বাসা# ২৬ (৫ম তলা), রোড# ১, সেকশন# ৬, ব্লক# বি, মিরপুর-১০, ঢাকা-১২১৬। |

**শর্তাবলী ঃ**

১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জানুয়ারি ২০২৫ - ৩০ জুন ২০২৬ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো এবং কমিশনের স্মারক নং-১০৭৮, তারিখ: ২০ আগষ্ট ২০২৩ খ্রিষ্টাব্দে জারিকৃত তালিকাভুক্তির আদেশে প্রতিষ্ঠানসমূহের অবশিষ্ট মেয়াদ এতদ্বারা বাতিল করা হলো।

২। কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।

৩। কমিশন কর্তৃক মালামাল ক্রয়/মেরামতের জন্য কোটেশান/সীমিত দরপত্র আহবান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

৪। যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল করা হবে।

৫। দরপ্রস্তাব দাখিলের পূর্বে কমিশনের কার্যালয়ে এসে চাহিদা/ব্র্যান্ড নিশ্চিত করে দরপ্রস্তাব দাখিল করতে হবে।

৬। মালামাল সরবরাহের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে মালামাল/যন্ত্রাংশ সরবরাহ/মেরামত করতে হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল/যন্ত্রাংশ সরবরাহ/মেরামত করতে ব্যর্থ হলে তালিকাভূক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

৮। দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।

১০। কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ করার পর বিল দাখিল করলে সরকারি বিধি মোতাবেক ক্রসড চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।

১১। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে আয়কর/ভ্যাটকর্তণ পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১২। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-বিধান, সরকারি ক্রয়ের ক্ষেত্রে অন্যান্য সকল নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।

১৩। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

(এম. এ. তালেব হোসেন)
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।
ফোনঃ ০২-২২২২১৭১১২
ইমেইল: diradmin@btrc.gov.bd

প্রতি

............................................

............................................

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। ব্যক্তিগত কর্মকর্তা টু মহাপরিচালক (প্রশাসন), বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।